# আর্থিক অন্তর্ভুক্তির আওতায় খোলা বিশেষ হিসাবসমূহের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন
# (মার্চ, ২০১৫ ভিত্তিক)

**১০ (দশ) টাকা, ৫০ (পঞ্চাশ ) টাকা ও ১০০ (একশত) টাকায় খোলা ব্যাংক হিসাব,**
**স্কুল ব্যাংকিং হিসাব এবং পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংক হিসাব।**

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

## ১০ (দশ) টাকা, ৫০ (পঞ্চাশ ) টাকা ও ১০০ (একশত) টাকায় খোলা ব্যাংক হিসাবের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন।

*(৩১ মার্চ ২০১৫ ভিত্তিক)*

সমাজের সুবিধা বঞ্চিত এবং আর্থিক সেবা বহির্ভূত (Financial Excluded) জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় নিয়ে আসার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক, চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় সময় সময় বিভিন্ন সার্কুলার/সার্কুলার লেটারের মাধ্যমে কৃষক, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, অতি দরিদ্র উপকারভোগী, অতি-দরিদ্র মহিলা উপকারভোগী, ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর আওতায় সুবিধাভোগী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গ, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক, তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক, চামড়া ও পাদুকা শিল্পজাত কারখানায় কর্মরত শ্রমিক, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গ, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, আইলা দুর্গত ব্যক্তি, দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধীদের জন্য ন্যূনতম ১০ (দশ) টাকা, ৫০ (পঞ্চাশ) টাকা এবং ১০০ (একশত) টাকা জমাকরণের মাধ্যমে তফসিলী ব্যাংকসমূহের সহযোগিতায় ব্যাংক হিসাব খোলার বিশেষ কার্যক্রম গ্রহণ করেছে। এসকল হিসাব হতে গ্রাহকপর্যায়ে ব্যাংক কে কোন চার্জ/ফি প্রদান করতে হয় না। ন্যূনতম কে ওয়াই সি (Know Your Customer) প্রক্রিয়া সম্পন্ন করার মাধ্যমে এসকল হিসাব খোলার কার্যক্রম সম্পন্ন করা হয়।

ব্যাংকগুলো কর্তৃক বাংলাদেশ ব্যাংকে প্রেরিত বিবরণীতে অভিন্নতা বজায় রাখা, আর্থিক অন্তর্ভুক্তির সামগ্রিক চিত্র পর্যালোচনা করা এবং নির্ভুল তথ্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ০৯ এপ্রিল ২০১৫ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-৩ অনুযায়ী সংযোজিত ফরমে আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় খোলা ব্যাংক হিসাবের বিবরণীসমূহ সমন্বিত আকারে **''আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০(দশ), ৫০(পঞ্চাশ) ও ১০০(একশত) টাকার ব্যাংক হিসাবের অগ্রগতি বিবরণী''** শিরোনামে ত্রৈমাসিক ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণের জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ব্যাংকসমূহ কর্তৃক প্রেরিত তথ্যের আলোকে বিভিন্ন শ্রেণীর হিসাবসমূহের হালনাগাদ তথ্য পর্যায়ক্রমে নিম্নে তুলে ধরা হলোঃ

### কৃষকসহ অন্যান্য ১০ (দশ) টাকা, ৫০ (পঞ্চাশ ) টাকা ও ১০০(একশত) টাকার হিসাবের তথ্যঃ


আর্থিক অন্তর্ভুক্তি কর্মসূচীর আওতায় ব্যাংকসমূহে **৩১ মার্চ ২০১৫** তারিখ পর্যন্ত বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কতৃক বিভিন্ন খাতে সর্বমোট **১,৬৪,৭৫,৬৮৮ (এক কোটি চৌষট্টি লক্ষ পঁচাত্তর হাজার ছয়শত আটাশি) টি** বিশেষ শ্রেণিভূক্ত ব্যাংক হিসাব খোলা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে উপস্থাপিত হলো ঃ

কোটি টাকায়

| হিসাব খোলার খাত | খাতওয়ারি মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | খাতওয়ারি মোট পুঞ্জীভূত জমার পরিমান (কোটি টাকায়) | সরকারী ভর্তুকী/ বেতন জমার কাজে ব্যবহৃত হিসাব | | ১০ টাকার হিসাবে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে ২০০ কোটি টাকার পুন:অর্থায়নকৃত ঋণ/অন্যান্য ঋণ | | বৈদেশিক রেমিটেন্স জমা | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | হিসাব সংখ্যা | পুঞ্জীভূত জমার মোট পরিমাণ (কোটি টাকায়) | হিসাব সংখ্যা | ঋণ বিতরণের পরিমান | হিসাব সংখ্যা | রেমিটেন্সের পরিমাণ |
| কৃষক | ১,০৩,৭৪,৫৯৩ | ৩,৫৩৭.৩১৩ | ৪০,৩২,৩২৭ | ৮৫.০২ | ৩৮,৭১৭ | ৪০.১৩৫১ | ৮৪৩৬ | ২৩.১১ |
| অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি | ৩,১৩,১০৪ | ২.৭৫ | ৩,১২,০১৪ | ২.৫৬ | ৫১ | .১ | ০ | ০ |
| মুক্তিযোদ্ধা | ১,৬০,৭৯৬ | ২৮.৪৬৩৪ | ২,৫১১ | ৩.১ | ০ | ০ | ১৩২০ | ২.৮৮ |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচী | ৩৬,৭১,০৬০ | ১৮.১৪ | ৫,৮৪,৩৯১ | ০.৬ | ০ | ০ | ১১৯০ | ০.৬ |
| ফুড ও লাইভলিহুড সিকিউরিটি প্রকল্প | ১,২০০ | ০.০০৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দুঃস্থ পুনর্বাসনের কর্মসূচীর উপকারভোগী | ৬,০৫,১৪৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক | ১,৯৭,৪৭২ | ৭১.১৯ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল প্রকল্পভুক্ত কারিগর | ৩,৫৮৯ | ১.১২৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর সুবিধাভোগী | ১,৩১৯ | ০.০১১৮ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা | ৩০,৯৪৭ | ৩.৬৫১৪ | ০ | ০ | ০ | ০ | ১৩৬০ | ১.৩৬ |
| দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যাংকিং সেবা | ১৬ | ০.০০২ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| অন্যান্য | ১১,১৬,৪৪৯ | ৩.৬৬ | ০ | ০ | ১৩ | .০১৫ | ৬৬০ | ০.৩ |
| **সর্বমোট** | **১,৬৪,৭৫,৬৮৮** | **৩,৬৬৬.৩১০৬** | **৪৯,৩১,২৪৩** | **৯১.২৮** | **৩৮,৭৮১** | **৪০.২৫০১** | **১২৯৬৬** | **২৮.২৫** |

**ছক-১ঃ** ১০ (দশ) টাকা, ৫০ (পঞ্চাশ ) টাকা ও ১০০ (একশত) টাকায় **৩১ মার্চ ২০১৫** তারিখ পর্যন্ত বিভিন্ন খাতে খোলা ব্যাংক হিসাবের তথ্য।

| খাতের নাম | পুঞ্জীভূত হিসাব সংখ্যা |
|---|---|
| কৃষক | ১,০৩,৭৪,৫৯৩ |
| মুক্তিযোদ্ধা | ১,৬০,৭৯৬ |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচী | ৩৬,৭১,০৬০ |
| ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা | ৩০,৯৪৭ |
| *অন্যান্য | ২২,৩৮,২৯২ |




**ছক-২ঃ** ব্যাংকসমূহে কৃষকের হিসাবসহ ১০ (দশ) টাকা, ৫০ (পঞ্চাশ) টাকা ও ১০০ (একশত) টাকায় বিভিন্ন খাতওয়ারি ৩১ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত খোলা ব্যাংক হিসাবের তুলনামূলক তথ্য।

*অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি, ফুড ও লাইভলিহুড সিকিউরিটি প্রকল্প, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দুঃস্থ পুনর্বাসনের কর্মসূচীর উপকারভোগী, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক, তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক, লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল প্রকল্পভুক্ত কারিগর, ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর সুবিধাভোগী, দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যাংকিং সেবা ইত্যাদি।

## কৃষকদের ১০ (দশ) টাকার হিসাব


ছক-১ এর তথ্য অনুযায়ী, আর্থিক অন্তর্ভুক্তি কর্মসূচীতে ব্যাংক হিসাব খোলা কার্যক্রমের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে কৃষকদের অন্তর্ভুক্তি। ৩১ মার্চ ২০১৫ পর্যন্ত বিভিন্ন খাতে খোলা বিশেষ হিসাবসমূহের মধ্যে মোট ৬৩% হিসাব কৃষকদের। এসব হিসাবে মোট পুঞ্জীভূত জমার পরিমান ৩,৫৩৭.৩১৩ কোটি টাকা। কৃষি কর্মকান্ডে সরকারী সহায়তার অংশ হিসেবে সরকার প্রদত্ত বিভিন্ন ভর্তুকী প্রদানসহ অন্যান্য ব্যাংকিং সেবা প্রদানের উদ্দেশ্যে কৃষকদের হিসাব খোলা হয়। সরকারী ভর্তুকী প্রাপ্ত এমন হিসাব সংখ্যা ৪০,৩২,৩২৭ টি এবং এসব হিসাবে জমার পরিমান ৮৫.০২ কোটি টাকা। অন্যদিকে, ১০ টাকার কৃষকের হিসাবের মধ্যে ৩৮,৭৮১টি হিসাবের মাধ্যমে উপকারভোগীদের মাঝে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে ২০০ কোটি টাকার পুন:অর্থায়নকৃত ঋণ/অন্যান্য ঋণ বিতরণ করা হয়েছে যার পরিমান ৪০.২৫০১ কোটি টাকা।

জুলাই' ২০১৪ হতে মার্চ' ২০১৫ পর্যন্ত পরপর তিন ত্রৈমাসিকে **কৃষকের হিসাবের** তুলনামূলক তথ্য নিম্নরূপঃ

| জুলাই - সেপ্টেম্বর ২০১৪ পর্যন্ত পুঞ্জীভূত মোট হিসাব সংখ্যা | অক্টোবর - ডিসেম্বর ২০১৪ পর্যন্ত পুঞ্জীভূত মোট হিসাব সংখ্যা | জানুয়ারি - মার্চ ২০১৫ পর্যন্ত পুঞ্জীভূত মোট হিসাব সংখ্যা |
|---|---|---|
| **৯৭,২০,৪১২** | **৯৭,২৬,৬৪৫** | **১,০৩,৭৪,৫৯৩** |

**ছক-৩ঃ** ১০ টাকায় কৃষকের হিসাব খোলার তিন ত্রৈমাসিকের তুলনামূলক তথ্য।

**চিত্রঃ ২- সেপ্টেম্বর' ১৪, ডিসেম্বর' ১৪ ও মার্চ' ২০১৫ ত্রৈমাসিকে কৃষকের ১০ (দশ) টাকার হিসাব খোলার অগ্রগতির চিত্র।**





**ছক-৩** এর তথ্য অনুসারে কৃষকদের ১০ টাকায় খোলা হিসাব কার্যক্রমে সেপ্টেম্বর ৩০, ২০১৪ পর্যন্ত ০৮টি রাষ্ট্রীয় মালিকানাধীন ও বিশেষায়িত ব্যাংকে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা ছিল প্রায় **৯৭,২০,৪১২ টি** (সাতানব্বই লক্ষ বিশ হাজার চারশত বার) এবং ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখ পর্যন্ত উক্ত ৮ টি ব্যাংকে পুঞ্জীভূত হিসাব ৬,২৩৩ টি বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে **৯৭,২৬,৬৪৫ টি** (সাতানব্বই লক্ষ ছাব্বিশ হাজার ছয়শত পঁয়তাল্লিশ)। অন্যদিকে ৩১ মার্চ ২০১৫ ত্রৈমাসিকে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক হতে কৃষকের ১০ টাকার হিসাবের তথ্য সংগ্রহ করে দেখা যায় যে, এ সংখ্যা ৬,৪৭,৯৪৮ টি বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১,০৩,৭৪,৫৯৩ (এক কোটি তিন লক্ষ চুয়াত্তর হাজার পাঁচশত তিরানব্বই)।

## ১০ (দশ) টাকার কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য হিসাব

আর্থিক অন্তর্ভুক্তি কর্মসূচীর আওতায় কৃষকের খোলা ব্যাংক হিসাব ব্যতীত অন্যান্য বিভিন্ন শ্রেণির হিসাব মোট হিসাবের ৩৭% (চিত্র১ অনুযায়ী)। সরকারী বিভিন্ন কর্মসূচীর আওতায় বিভিন্ন ভাতা ও বেতন প্রদান ছাড়াও বিভিন্ন আর্থিক সেবার আওতায় তাদের নিয়ে আসার জন্য এ সকল হিসাব খোলা হয়েছে। ছক-১ এর তথ্য অনুযায়ী ব্যাংকসমূহে ৩১ মার্চ ২০১৫ পর্যন্ত কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য বিভিন্ন খাতে খোলা মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা **৬১,০১,০৯৫টি (একষট্টি লক্ষ এক হাজার পঁচানব্বই)**। এর মধ্যে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত (০৮টি ব্যাংক) ব্যাংকসমূহে ৩১ মার্চ ২০১৫ পর্যন্ত কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য বিভিন্ন খাতে সর্বমোট **৫৮,৮৩,২৭৫টি (আটান্ন লক্ষ তিরাশি হাজার দুইশত পঁচাত্তরটি)** ব্যাংক হিসাব খোলা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে উপস্থাপিত হলো ঃ

| ব্যাংকের নাম | মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা (৩১ মার্চ ২০১৫তারিখ পর্যন্ত) | | | | |
|---|---|---|---|---|---|
| | সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | মুক্তিযোদ্ধা | ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব) | অন্যান্য ১০/- টাকার হিসাব* | মোট |
| সোনালী ব্যাংক লিঃ | ১৭,৯৬,৩৭৭ | ১,৪৯,৭৩৯ | ৬,৮৬০ | ৪,৩০,৭৮৮ | ২৩,৮৩,৭৬৪ |
| জনতা ব্যাংক লিঃ | ৪,০১,৭৪৬ | ১,৪৭৭ | ৩,২৫২ | ৩,৯২,৩৭৫ | ৭,৯৮,৮৫০ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ৫,৯৩,৭৯২ | ৫,৩৯৭ | ১২,৪০০ | ৬,২৯,৯০৭ | ১২,৪১,৪৯৬ |
| রূপালী ব্যাংক লিঃ | ৪০,৩৭০ | ৩৭০ | ১,১৭১ | ১,১৫,৯০২ | ১,৫৭,৮১৩ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ৫,৮৪,৩৯১ | ২,৫১১ | ৫,০১৮ | ৩,৩১,৪৮৯ | ৯,২৩,৪০৯ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ০ | ১ | ১৩ | ০ | ১৪ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ২,৫৪,৩৮৪ | ৮১০ | ২,০৪৮ | ১,২০,২৭২ | ৩,৭৭,৫১৪ |
| বেসিক ব্যাংক লিঃ | ০ | ৮ | ৪৭ | ৩৬০ | ৪১৫ |
| **মোট** | **৩৬,৭১,০৬০** | **১,৬০,৩১৩** | **৩০,৮০৯** | **২০,২১,০৯৩** | **৫৮,৮৩,২৭৫** |

**ছক-৪** ঃ ১০ (দশ) টাকা, ৫০ (পঞ্চাশ) টাকা ও ১০০ (একশত) টাকায় ৩১ মার্চ ২০১৫ ত্রৈমাসিকে ০৮টি ব্যাংকে খোলা মোট ব্যাংক হিসাব ।





**বিশ্লেষণঃ** ছক-৪ এর তথ্য অনুসারে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত উক্ত ৮ টি ব্যাংকের মধ্যে ২০১৫ সালের মার্চ মাস পর্যন্ত ১০ টাকা (কৃষকের হিসাব ব্যতীত), ৫০ টাকা ও ১০০ টাকায় খোলা মোট পুঞ্জীভূত হিসাবের ক্ষেত্রে শীর্ষে রয়েছে সোনালী ব্যাংক লিঃ(২৩,৮৩,৭৬৪টি হিসাব)। এছাড়া উক্ত ব্যাংকে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী হিসাব খাতে সর্বোচ্চ ১৭,৯৬,৩৭৭ টি হিসাব খোলা হয়েছে। আলোচ্য ত্রৈমাসিকে অগ্রণী ব্যাংক, কৃষকের ১০ টাকার হিসাব ব্যতীত সকল শ্রেণীর ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকায় মোট ১২,৪১,৪৯৬ টি হিসাব খুলে দ্বিতীয় অবস্থানে রয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এবং বেসিক ব্যাংক লিঃ এর হিসাব সংখ্যা অন্যান্য ব্যাংকের তুলনায় সর্বনিম্ন।

সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে তিন ত্রৈমাসিকে কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য হিসাবের তুলনামূলক তথ্য নিম্নরূপঃ

| ব্যাংকের নাম | সেপ্টেম্বর '১৪ মাস পর্যন্ত মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | ডিসেম্বর '১৪ মাস পর্যন্ত পূঞ্জীভূত হিসাব সংখ্যা | মার্চ '১৫ মাস পর্যন্ত মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা |
|---|---|---|---|
| সোনালী ব্যাংক লিঃ | ২১,২৯,২৫১ | ২১,৩৯,০৮৩ | ২৩,৮৩,৭৬৪ |
| জনতা ব্যাংক লিঃ | ৪,৮৫,৭৩৬ | ৫,০৬,৭৪০ | ৭,৯৮,৮৫০ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ৫,২২,৪৪২ | ১১,৩২,৮৮৯ | ১২,৪১,৪৯৬ |
| রূপালী ব্যাংক লিঃ | ১,৫৫,১৪৩ | ১,৫৭,১১০ | ১,৫৭,৮১৩ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ৯,১৯,৩৬৭ | ৯,২০,৮৯৬ | ৯,২৩,৪০৯ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ১ | ১৪ | ১৪ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ৩,৭৭,৫১৪ | ৩,৭৭,৫১৪ | ৩,৭৭,৫১৪ |
| বেসিক ব্যাংক লিঃ | ২৭ | ৩২ | ৪১৫ |
| **মোট** | **৪৫,৮৯,৪৮১** | **৫২,৩৪,২৭৮** | **৫৮,৮৩,২৭৫** |

**ছক- ৫** ঃ ১০ (দশ) টাকায় খোলা কৃষকের হিসাব ব্যাতীত অন্যান্য হিসাবের তিন ত্রৈমাসিকের তথ্য।

**চিত্রঃ ৪- সেপ্টেম্বর' ১৪, ডিসেম্বর' ১৪ ও মার্চ' ১৫ ত্রৈমাসে কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য ১০ (দশ), ৫০ (পঞ্চাশ) ও ১০০ (একশত) টাকার হিসাব খোলার অগ্রগতির চিত্র।**




**সার্বিক পর্যালোচনাঃ**

| খাতের নাম | ডিসেম্বর'২০১৪ পর্যন্ত মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | মার্চ' ২০১৫ পর্যন্ত মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | হিসাব সংখ্যা হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪=(২-৩) |
| কৃষক | ৯৭,২৬,৬৪৫ | ১,০৩,৭৪,৫৯৩ | ৬,৪৭,৯৪৮ |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | ৩৩,৮৪,৯৬১ | ৩৬,৭১,০৬০ | ২,৮৬,০৯৯ |
| মুক্তিযোদ্ধা | ১,৫২,৫২৮ | ১,৬০,৭৯৬ | ৮,২৬৮ |
| ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা | ২৭,৪৪৭ | ৩০,৯৪৭ | ৩,৫০০ |
| অন্যান্য হিসাব | ১৬,৬৯,৩৫৭ | ২২,৩৮,২৯২ | ৫,৬৮,৯৩৫ |
| মোট | ১,৪৯,৬০,৯৩৮ | ১,৬৪,৭৫,৬৮৮ | ১৫,১৪,৭৫০ |

**ছক-৫** ঃ ব্যাংকসমূহে কৃষকের ১০ টাকার হিসাবসহ খোলা অন্যান্য ১০ (দশ), ৫০ (পঞ্চাশ) ও ১০০ (একশত) টাকার হিসাবের ত্রৈমাসিক অগ্রগতির তুলনামূলক তথ্য।

বাংলাদেশ ব্যাংক হতে ০৯ এপ্রিল ২০১৫ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-৩ মোতাবেক ব্যাংকসমূহ হতে ৩১ মার্চ ২০১৫ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী বিশেষভাবে লক্ষণীয় বিষয়সমূহ নিম্নরূপ ঃ

- মার্চ, ২০১৫ পর্যন্ত বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকসমূহে আর্থিক অন্তর্ভুক্তি খাতে মোট পুঞ্জীভূত হিসাব খোলা হয়েছে ১,৬৪,৭৫,৬৮৮ টি (**এক কোটি চৌষট্টি লক্ষ পঁচাত্তর হাজার ছয়শত আটাশি**)। এর মধ্যে কৃষকের খোলা হিসাব সংখ্যা ১,০৩,৭৪,৫৯৩ টি (এক কোটি তিন লক্ষ চুয়াত্তর হাজার পাঁচশত তিরানব্বই) যা মোট হিসাবের ৬৩%। গত ডিসেম্বর, ২০১৪ ত্রৈমাস হতে চলতি ত্রৈমাস পর্যন্ত ব্যাংকসমূহে কৃষকের মোট ৬,৪৭,৯৪৮ টি হিসাব বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য, ডিসেম্বর ২০১৪ পর্যন্ত এ খাতে শুধু সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে খোলা হিসাবের বিবরণী বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হতো। তবে মার্চ ২০১৫ ত্রৈমাসিক হতে এ খাতে সকল তফসিলি ব্যাংক এর তথ্য সংগ্রহ করা হচ্ছে।
- বর্ণিত তথ্যানুযায়ী মোট পুঞ্জীভূত হিসাবের ৬৩% কৃষকের হিসাব যা অবশিষ্ট খাতওয়ারি হিসাব সংখ্যার মধ্যে সর্বোচ্চ। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীর হিসাব ২২.৩০ % এবং অন্যান্য সকল ১০ (দশ), ৫০ (পঞ্চাশ) ও ১০০ (একশত) টাকায় খোলা হিসাব ১৪.৭০%।
- ছক-১ এ বর্ণিত খাতওয়ারী হিসাবগুলোতে জমার পরিমাণ মোট প্রায় ৩,৬৬৬.৩১০৬ (প্রায় তিন হাজার ছয়শত ছেষট্টি কোটি একত্রিশ লক্ষ ছয় হাজার) কোটি টাকা।
- সরকারী সহায়তার অংশ হিসেবে এবং দরিদ্র জনগোষ্ঠীর ব্যাংকিং সেবা প্রদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক বিভিন্ন প্রকল্পভিত্তিক কর্মকান্ডে ভর্তুকী/অর্থসহায়তা প্রদান করা হচ্ছে। সরকারী এসব ভর্তুকী/অর্থসহায়তা প্রাপ্ত হিসাবের মোট সংখ্যা  ৪৯,৩১,২৪৩ টি এবং এসব হিসাবে জমার মোট পরিমান ৯১.২৮ কোটি টাকা।
- ১০ টাকার হিসাবসমূহের মধ্যে ৩৮,৭৮১ টি হিসাবে বিভিন্ন খাতে উক্ত হিসাবধারীদের অনুকূলে ঋণ বিতরণ করা হয়েছে। এর মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে ২০০ কোটি টাকার পুন:অর্থায়নকৃত ঋণ এবং অন্যান্য ঋণ উল্লেখযোগ্য। এ খাতে বিতরণকৃত ঋণের পরিমান ৪০.১৩৫১ কোটি টাকা।
- মার্চ' ২০১৫ ত্রৈমাসিকে ১২,৯৬৬ টি হিসাবে বৈদেশিক রেমিটেন্স জমা হয়েছে এবং এসব হিসাবে জমার পরিমান প্রায় ২৮.২৫ কোটি টাকা।

ব্যাংকসমূহে গত ত্রৈমাসিকে হিসাব খোলা কার্যক্রম পর্যালোচনা করে পরিলক্ষিত হয় যে, ডিসেম্বর ২০১৪ তে কৃষকের ১০ টাকার হিসাবসংখ্যার তুলনায় মার্চ ২০১৫ ত্রৈমাসিকে পুঞ্জীভূত হিসাব সংখ্যা বৃদ্ধি পেয়েছে প্রায় ৬.৭%। অন্যদিকে, কৃষকের হিসাবসহ সকল শ্রেণীর (সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতাদের (১০০টাকা) এবং অন্যন্য হিসাব) ১০ (দশ) টাকা, ৫০ (পঞ্চাশ) টাকা ও ১০০ (একশত) টাকায় খোলা ব্যাংক হিসাবের সংখ্যা বৃদ্ধি পেয়েছে প্রায় ১০.১৩%।

## স্কুল ব্যাংকিং হিসাবের ৩১ মার্চ ২০১৫ ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন।

বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের অন্যতম একটি পদক্ষেপ হল স্কুল ব্যাংকিং কার্যক্রম। স্কুলগামী ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও আধুনিক প্রযুক্তির সাথে পরিচিত করার পাশাপাশি সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা এবং অর্থনৈতিক কর্মকান্ডে কোমলমতি ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে তাদেরকে দেশের আর্থিক খাতে সেবাভুক্ত করাই স্কুল ব্যাংকিং এর উদ্দেশ্য। এ লক্ষ্যে, বাংলাদেশ ব্যাংক হতে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ করার জন্য ০২ নভেম্বর ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংক কে পরামর্শ প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে ব্যাংকগুলো ন্যূনতম ১০০ টাকা জমা গ্রহণের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফাসহ বিভিন্ন স্কীমে স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ তারিখঃ ২৮ অক্টোবর ২০১৩ এর মাধ্যমে ব্যাংকগুলোকে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করার নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে ০৯ এপ্রিল ২০১৫ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-৩ এ সংযোজিত ফরমে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ ত্রৈমাসিক বিবরণী প্রেরণের দিক নির্দেশনা মোতাবেক ব্যাংকসমূহ ০১ জানুয়ারি ২০১৫ - ৩১ মার্চ ২০১৫ তারিখ ভিত্তিক স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্য প্রেরণ করেছে।


ব্যাংকসমূহের প্রদত্ত তথ্য মোতাবেক ৩১ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত সর্বমোট **৮,৮৬,২৭৭ (আট লক্ষ ছিয়াশি হাজার দুইশত সাতাত্তর)** টি স্কুল ব্যাংকিং হিসাব খোলা হয়েছে। উক্ত হিসাবসমূহের বিপরীতে মোট জমা হয়েছে **৮২৩.০৪ কোটি (আটশত তেইশ কোটি চার লক্ষ)** টাকা। বাংলাদেশে কার্যরত ৫৬টি তফসিলী ব্যাংকের মধ্যে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত মোট ৪৯ টি ব্যাংক স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছিল। এবছরের শুরু থেকে আরও ৩ টি নতুন ব্যাংক (ইউনিয়ন ব্যাংক লিঃ, সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ এবং মধুমতি ব্যাংক লিঃ) স্কুল ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। সুতরাং ৫৬ টি ব্যাংক হতে ইতোমধ্যে ৫২ টি ব্যাংক স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। উক্ত ব্যাংকসমূহ হতে প্রাপ্ত ত্রৈমাসিক স্কুল ব্যাংকিং হিসাবের তুলনামূলক বিবরণ নিম্নে তুলে ধরা হলো ঃ

**ছক-১ঃ ৩১ মার্চ ২০১৫ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের বিস্তারিত তথ্যঃ**

| মোট হিসাব | মোট স্থিতি (কোটি টাকায়) | হিসাব সংখ্যা | | চলতি ত্রৈমাসিকে জমা (কোটি টাকায়) | চলতি ত্রৈমাসিকে উত্তোলন (কোটি টাকায়) |
|---|---|---|---|---|---|
| | | পল্লী শাখা | শহর শাখা | | |
| ৮৮৬,২৭৭ | ৮২৩.০৪ | ৩,১৯,২২৩ | ৫,৫৭,৪০৭ | ৩৩৯.৮৬ | ২০৪.৩৩ |

**ছক-২ঃ ডিসেম্বর, ২০১৪ ও মার্চ, ২০১৫ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা হিসাবের ব্যাংকওয়ারি তথ্যঃ**

| ব্যাংকসমূহ | হিসাব সংখ্যা | | হিসাব সংখ্যা বৃদ্ধি |
|---|---|---|---|
| | ডিসেম্বর ৩১, ১৪ | মার্চ ৩১, ১৫ | |
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক | ১,৬৬,৮৯৫ | ১,৭৫,১৫৫ | ৮,২৬০ |
| বিশেষায়িত ব্যাংক | ১,৩০,৭৯৯ | ১,৩৬,০৬০ | ৫,২৬১ |
| বেসরকারী বাণিজ্যিক ব্যাংক | ৫,৫১,৩৪০ | ৫,৭৩,৬০৮ | ২২,২৬৮ |
| বিদেশী বাণিজ্যিক ব্যাংক | ১,২৬৯ | ১,৪৫৪ | ১৮৫ |
| সর্বমোট | ৮,৫০,৩০৩ | ৮,৮৬,২৭৭ | ৩৫,৯৭৪ |





ছক-২ এর তথ্য অনুসারে স্কুল ব্যাংকিং এর আওতায় ৩১ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ৫৬টি ব্যাংকের মধ্যে ৪৯টি ব্যাংকে খোলা মোট হিসাবের সংখ্যা ছিল প্রায় ৮.৫০ লক্ষ। অন্যদিকে, ৩১ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত ৫২টি ব্যাংকে হিসাবের সংখ্যা ৩৫,৯৭৪ টি (পয়ঁত্রিশ হাজার নয়শত চুয়াত্তর) বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে প্রায় ৮.৮৬ লক্ষ। ০৯টি বিদেশী ব্যাংকের মধ্যে ০৮টি ব্যাংক (সিটিব্যাংক এন.এ ব্যতীত) স্কুল ব্যাংকিং হিসাব পরিচালনা করছে। বিদেশী ব্যাংকগুলোয় খোলা স্কুল ব্যাংকিং হিসাব সংখ্যা ১,৪৫৪ টি।

**ছক-৩ঃ ডিসেম্বর, ২০১৪ ও মার্চ, ২০১৫ ভিত্তিক খোলা হিসাবে স্থিতির ভিত্তিতে ব্যাংকসমূহের তুলনামূলক চিত্রঃ**

(কোটি টাকায়)

| ব্যাংকসমূহ | ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত স্থিতি | মার্চ, ২০১৫ পর্যন্ত স্থিতি | স্থিতি হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক | ১৭৪.৯৭ | ২৫১.৩৩ | ৭৬.৩৬ |
| বিশেষায়িত ব্যাংক | ১১.৬৫ | ১৬.৩৯ | ৪.৭৪ |
| বেসরকারী বাণিজ্যিক ব্যাংক | ৫২৮.৯৮ | ৫৫৩.২৪ | ২৪.২৬ |
| বিদেশী ব্যাংক | ১.৮৯ | ২.০৮ | ০.১৯ |
| সর্বমোট | ৭১৭.৪৯ | ৮২৩.০৪ | ১০৫.৫৫ |

চিত্রঃ২-ব্যাংকসমূহে খোলা হিসাবে মোট স্থিতি




৩ নং ছকের তথ্যানুসারে স্কুল ব্যাংকিং এর আওতায় ৩১ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ৫৬টি তফসিলভূক্ত ব্যাংকের মধ্যে ৪৯টি ব্যাংকে মোট স্থিতি ছিল প্রায় ৭১৭.৪৯ কোটি টাকা। অন্যদিকে, ৩১ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত ৫২টি ব্যাংকে স্থিতি ১০৫.৫৫ কোটি টাকা বৃদ্ধি পেয়ে প্রায় ৮২৩.০৪ (আটশত তেইশ কোটি চার লক্ষ) কোটি টাকায় দাঁড়িয়েছে।

**ছক-৪ঃ মার্চ ৩১, ২০১৫ ভিত্তিক শীর্ষ পাঁচ ব্যাংকের হিসাব ও টাকার স্থিতির হালনাগাদ তথ্যঃ**

**শীর্ষ পাঁচ ব্যাংকের হিসাব সংখ্যা**

| ক্রম | ব্যাংকের নাম | হিসাব সংখ্যা | মোট হিসাবের শতকরা হার (%) |
|---|---|---|---|
| ১ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | ১,৭৮,৭৫১ | ২০.১৭% |
| ২ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ৯৬,০২৬ | ১০.৮৮% |
| ৩ | অগ্রণী ব্যাংক লিমিটেড | ৮৯,৫৮৮ | ১০.১৫% |
| ৪ | উত্তরা ব্যাংক লিমিটেড | ৭০,৭৫১ | ৮.০২% |
| ৫ | ডাচ-বাংলা ব্যাংক লিঃ | ৬৬,৭২৬ | ৭.৫৬% |

**শীর্ষ পাঁচ ব্যাংকের স্থিতি**

| ক্রম | ব্যাংকের নাম | স্থিতি (কোটি টাকায়) | মোট স্থিতির শতকরা হার (%) |
|---|---|---|---|
| ১ | ডাচ-বাংলা ব্যাংক লিঃ | ২০৪.১২ | ২৪.৮০% |
| ২ | অগ্রণী ব্যাংক লিঃ | ১৭৯.৫৫ | ২১.৮২% |
| ৩ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | ৬৯.৮১ | ৮.৪৮% |
| ৪ | ইস্টার্ন ব্যাংক লিঃ | ৬২.১৫ | ৭.৫৫% |
| ৫ | রূপালী ব্যাংক লিঃ | ৬১.১৫ | ৭.৪৩% |

**স্কুল ব্যাংকিং বিষয়ে ব্যাংকসমূহের সার্বিক মূল্যায়ন ঃ**

স্কুল ব্যাংকিং এর আওতায় ৩১ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত মোট ৫২ টি ব্যাংকের মাধ্যমে পল্লী এবং শহর এলাকায় হিসাব খোলা হয়েছে। ব্যাংকসমূহ হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী এ ত্রৈমাসিকে পল্লী এবং শহর এলাকায় হিসাব খোলার অনুপাত ৯ ঃ ১৬। বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর হিসাব সংখ্যা সর্বোচ্চ প্রায় ৫.৭৩ লক্ষ (যা মোট হিসাব ৮.৮৬ লক্ষ এর ৬৪.৭১%) এবং স্থিতি প্রায় ৫৫৩.২৪ কোটি টাকা (যা মোট স্থিতি ৮২৩.০৪ কোটি টাকার ৬৭.২২%)। সুতরাং দেখা যাচ্ছে স্কুল ব্যাংকিং এর আওতায় বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর খোলা হিসাব সংখ্যা এবং মোট স্থিতি অন্যান্য শ্রেণির ব্যাংকের হিসাব সংখ্যা এবং মোট স্থিতির তুলনায় সর্বোচ্চ অবস্থানে আছে যা অত্যন্ত আশাব্যঞ্জক।

**স্কুল ব্যাংকিং হিসাবে জমা ও উত্তোলনঃ** চলতি ত্রৈমাসিকে ব্যাংকগুলোতে এসব হিসাবে প্রায় ৩৩৯.৮৬ কোটি টাকা জমা হয়েছে এবং প্রায় ২০৪.৩৩ কোটি টাকা হিসাবসমূহ হতে উত্তোলন করা হয়েছে। সুতরাং চলতি ত্রৈমাসিকে স্কুল ব্যাংকিং হিসাবসমূহের স্থিতি দাঁড়ায় প্রায় ১৩৫.৫৩ কোটি টাকা।

**সর্বোচ্চ হিসাব ও স্থিতির ভিত্তিতে শীর্ষ ব্যাংকঃ** ৩১ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ সর্বোচ্চ সংখ্যক অর্থাৎ ১,৭৮,৭৫১টি (এক লক্ষ আটাত্তর হাজার সাতশত একান্ন) হিসাব খুলেছে যা মোট হিসাবের ১৯.৮৬% এবং ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড স্থিতির ভিত্তিতে শীর্ষে (প্রায় ২০৪.১২কোটি টাকা যা মোট স্থিতির ২৪.৮০%) অবস্থান করছে।

## পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংকিং সেবা প্রদানের মার্চ ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন।

পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংকিং সেবার আওতায় এনে তাদের উপার্জিত অর্থের নিরাপদ সঞ্চয়ের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক হতে ০৯ মার্চ ২০১৪ তারিখে বিআরপিডি সার্কুলার নং-০৫ এর মাধ্যমে ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত সার্কুলারেই পথশিশু ও কর্মজীবি শিশু/কিশোরদের হিসাবসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে মোট জমা এবং উত্তোলনের বিবরণী সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক পরবর্তী মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক এ  প্রেরণের জন্যও নির্দেশনা প্রদান করা হয়। সার্কুলার এর নির্দেশনা অনুযায়ী ব্যাংকসমূহ বিভিন্ন এনজিও এর আবেদনের প্রেক্ষিতে পথশিশু ও কর্মজীবি শিশু/কিশোরদের জন্য ব্যাংকিং কার্যক্রম গ্রহণ করে এবং বাংলাদেশ ব্যাংক এ উক্ত হিসাবসমূহের বিবরণী প্রেরণ করে। তবে পরবর্তীতে উক্ত সার্কুলারের ১ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনায় কিছু পরিবর্তন এনে ১২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০২ জারি করা হয়। উক্ত সার্কুলার লেটার এর নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণকারী ব্যাংকসমূহ হতে পথশিশু ও কর্মজীবি শিশু/কিশোরদের জন্য ব্যাংক হিসোবের ৩১ মার্চ ২০১৫ ভিত্তিক ত্রৈমাসিক বিবরণী প্রেরণ করা হয়েছে।

ব্যাংকসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ৩১ মার্চ ২০১৫ ভিত্তিক পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংক হিসাবের হালনাগাদ তথ্য নিম্নের ছকে তুলে ধরা হলোঃ

| ব্যাংকের নাম | সংশ্লিষ্ট এনজিওর নাম | চলতি ত্রৈমাসিকে খোলা হিসাব সংখ্যা | ৩১ মার্চ ২০১৫ পর্যন্ত মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | ৩১ মার্চ ২০১৫ পর্যন্ত মোট স্থিতি (কোটি টাকায়) |
|---|---|---|---|---|
| রূপালী ব্যাংক লিমিটেড | মাসাস, সাফ | ১২১ | ৮০৮ | ০.০৫৩১ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | উদ্দীপন | ০ | ৫০ | ০.০০১১ |
| পূবালী ব্যাংক লিমিটেড | অপরাজেয় বাংলাদেশ, ব্র্যাক, নারী মৈত্রী | ৯০ | ৪১৫ | ০.০৭১২ |
| ন্যাশনাল ব্যাংক লিমিটেড | সিপিডি | ০ | ১৯ | ০.১৪ |
| দি সিটি ব্যাংক লিমিটেড | প্রদীপন | ৩৫ | ১২৩ | ০.০০৮৬৯২ |
| ওয়ান ব্যাংক লিমিটেড | সাজিদা ফাউন্ডেশন, প্রদীপন | ৩৫ | ১৯৬ | ০.০১১২৯ |
| মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড | অপরাজেয় বাংলাদেশ | ১২ | ২৪ | ০.০০৫৭ |
| মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড | এএসডি | ৩৪ | ৩৪ | ০.০০০০৮ |
| ব্যাংক এশিয়া লিমিটেড | প্রদীপন | ৩৫ | ১২৩ | ০.০০৮৬৯২ |
| ট্রাস্ট ব্যাংক লিমিটেড | মাসাস | | | |
| **মোট (১০ টি ব্যাংক)** | **১০ টি এনজিও** | **৩৬২** | **১৭৯২** | **০.২৯৯৯** |

**পর্যালোচনাঃ**

উপর্যুক্ত ছক এর তথ্য অনুযায়ী পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে ৩১ মার্চ ২০১৫ পর্যন্ত ১০টি ব্যাংক ১০ টি এনজিও (মাসাস, সাফ, উদ্দীপন, অপরাজেয় বাংলাদেশ, ব্র্যাক, নারী মৈত্রী, সিপিডি, প্রদীপন, সাজিদা ফাউন্ডেশন, এএসডি) এর মাধ্যমে এ হিসাব কার্যক্রম পরিচালনা করছে।

৩১ মার্চ ২০১৫ পর্যন্ত ১০টি ব্যাংকের মধ্যে ০৯টি ব্যাংক (রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, দি সিটি ব্যাংক লিঃ, ওয়ান ব্যাংক লিঃ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, এবং মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ) ১০টি এনজিও'র সহায়তায় পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের মোট ১,৭৯২টি হিসাব খুলেছে যার বিপরীতে মোট স্থিতির পরিমাণ প্রায় ৩০ (ত্রিশ) লক্ষ টাকা।

৩১ মার্চ ২০১৫ পর্যন্ত রূপালী ব্যাংক লিঃ সর্বোচ্চ ৮০৮ টি হিসাব খুলেছে এবং স্থিতির ভিত্তিতেও ব্যাংকটি প্রায় ৮০.০৫৩১ কোটি (প্রায় পাঁচ লক্ষ একত্রিশ হাজার টাকা) জমা করে শীর্ষে অবস্থান করছে। পূবালী ব্যাংক লিঃ ৪১৫টি হিসাবের বিপরীতে ০.০৭১২ কোটি (সাত লক্ষ এক হাজার টাকা) জমা করে দ্বিতীয় অবস্থানে রয়েছে।

এনজিও মাসাস, খুলনা শাখা কর্তৃক ট্রাস্ট ব্যাংক লিঃ এর সাথে সঞ্চয়ী হিসাব খোলা বিষয়ক আনুষ্ঠানিকতা সম্পন্ন করা হলেও ৩১ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত উক্ত এনজিও কর্তৃব ট্রাস্ট ব্যাংক এ কোন হিসাব খোলা হয়নি মর্মে ব্যাংকটির হিসাব বিবরণী হতে প্রতীয়মান হয়।